সোনালী ব্যাংক পিএলসি

দেবিদ্বার শাখা, কুমিল্লা

মোবাইলঃ +৮৮০১৭৬৬৬৯৩৪৫৫

ই-মেইলঃ brdebidar@sonalibank.com.bd

অর্থ ঋণ আদালত আইন-২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

ঋণ গ্রহীতা/ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ চাঁদনী বস্ত্রালয়, প্রোঃ মোঃ ইমামুল হক ইমন, পিতা- মোঃ শাহ আলম, মোকামঃ ভি.আই.পি মার্কেট, দেবিদ্বার পৌরসভা, দেবিদ্বার, কুমিল্লা।

এই মর্মে সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখা হতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ২২/০৯/২০২৬ খ্রিঃ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ৩৭,৯৬,০২৭/- (সাঁইত্রিশ লক্ষ ছিয়ানব্বই হাজার সাতাশ) টাকা মাত্র এবং আদায়কালতক অনারপিত সুদ সহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্তে অত্র শাখার অনুকুলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত হাইপোঃ/প্লেজকৃত মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/ বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মনাদি সহ) অর্থ ঋণ আদালত আইন-২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ ধারা মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতা গণের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল ঃ

মৌজা, থানা, জেলা	জেএল নং	সিএস	আরএস	বিএস/ ডিপি	সেপারেশন	দাগ নং		জমির পরিমাণ	জমির প্রকৃতি
						সাবেক	হাল		
মৌজাঃ বারুর থানাঃ দেবিদ্বার জেলাঃ কুমিল্লা	সাবেক -২০৩ হাল-৬৩	১০৮	১০১	১৩০৬	২৩৩১	১০৪৫	৩০৪৪	০৪.০০ শতক	ভিটা
		৩৫	৩৬	১১১০		৭৮৮	২৩৮৭	৩৭.০০ শতক	নাল
							মোট ঃ	৪১.০০ শতক	নাল/ভিটা

হাল ৩০৪৪ দাগের চৌহদ্দী ঃ উত্তরে-রাস্তা, দক্ষিণে-মোঃ ফখরুল হাসান (নিজ), পূর্বে- সফিকুল ইসলাম এবং পশ্চিমে-শাহাদৎ আলী।
হাল ২৩৮৭ দাগের চৌহদ্দী ঃ উত্তরে-মোঃ ফকরুল হাসান এর বসত বাড়ী, দক্ষিণে- মজিবুর রহমান, পূর্বে- সফিকুল ইসলাম গং এর মাছের প্রজেক্ট এবং পশ্চিমে-রাস্তা ।

শর্তসমূহ ঃ

০১। আগামী ২৫/১১/২০২৬ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, কুমিল্লা-নর্থ, কুমিল্লাতে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখে ও সময়ের মধ্যে উক্ত অফিসে পৌছাইতে হইবে।

০২। দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/ মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোটমূল্য অথবা গুদামেমজুদ সমূদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/ সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩। দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্টমানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ

	আর্নেষ্টমানি/জামানতের পরিমাণ	অবশিষ্টমূল্য পরিশোধের সময়সীমা
ক)	উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে
খ)	উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে
গ)	উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে

০৪। দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্টমূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দরপত্র পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কে মালামাল / সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে) সম্পূর্ন মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

Sonali Bank PLC. Debidwar Branch, Cumilla.

সোনালী ব্যাংক পিএলসি
দেবিদ্বার শাখা, কুমিল্লা
মোবাইলঃ +৮৮০১৭৬৬৬৯৩৪৫৫
ই-মেইলঃ brdebidar@sonalibank.com.bd

০৫। দরপত্রে উল্লেখিত মালামাল/ তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬। দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

০৭। নিলাম ক্রেতা কর্তৃক সমুদয়মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানকিতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকুলে মালামাল/ সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতা কে মালামাল হস্তান্তরের/ সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮। ঋণ গ্রহীতা / ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/ মালামাল সংক্রান্ত সরকারী কর/ সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/ পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর, ইত্যাদি বকেয়া থাকিলে তা নিলাম ক্রেতা কে বহন করিতে হইবে ।

০৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০। দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩ (তিন) কর্ম দিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১। নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তরিত তথ্যের জন্য নিম্ন স্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

Md Mominul Islam
Manager (SPO)
(G-41779)
Sonali Bank PLC.
Debidwar Branch, Cumilla.

ম্যানেজার